গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা- ২ শাখা
পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।

**বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোকদিবস-২০২০ পালন অনুষ্ঠান উপ-কমিটির কার্যক্রম।**

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোকদিবস-২০২০ পালনের জন্য অনুষ্ঠান উপ-কমিটির কার্যক্রম চূড়ান্তকরণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | : | ০৩ আগস্ট, ২০২০ সকাল ১১.৩০ ঘটিকা। |
| সভার স্থান | : | উপমহাপরিচালক মহোদয়ের দপ্তর, বিবিএস, ঢাকা (এ-ব্লক)। |
| সভাপতি | : | জনাব ঘোষ সুবব্রত, উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। |
| আলোচ্য বিষয় | : | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোকদিবস-২০২০ পালন অনুষ্ঠান উপ-কমিটির কার্যক্রম চূড়ান্তকরণ। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট-ক। |

০২। সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপনপূর্বক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন মন্ত্রিপরিষদ বিভাগে গত ১৬-০৭-২০২০ তারিখে অনুষ্ঠিত জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত আন্ত: মন্ত্রণালয় সভার কার্যবিবরণীতে বর্ণিত নির্দেশনাসমূহের আলোকে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের উদ্যোগে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালন করা হবে। এতদুপলক্ষে বিগত ৩০-০৭-২০২০ তারিখ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে অনুষ্ঠিত সভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোকদিবস-২০২০ পালনের জন্য অনুষ্ঠান উপ-কমিটি গঠন করা হয়। এ উপকমিটিকে -বঙ্গুবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ সংক্রান্ত আনুষঙ্গিক যাবতীয় কার্যক্রমের পরিকল্পনা, বাস্তবায়ন ও অন্যান্য কার্যক্রম সম্পাদনের নিমিত্ত কার্যপরিধি নির্ধারণ করে দেয়া হয়। সভাপতি এ বিষয়ে উপস্থিত সকলের মতামত আহ্বান করেন।

০৩। আগামী ১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে শোক দিবস পালনের লক্ষ্যে বঙ্গুবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ সংক্রান্ত আনুষঙ্গিক যাবতীয় কার্যক্রম সম্পাদনের জন্য বিস্তারিত আলোচনা হয়। কমিটির সম্মনিত সদস্যগণের মতামত পর্যলোচনা করে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) পরিসংখ্যান ভবনে স্থাপিত স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে সকাল ০৯.৪৫ ঘটিকার সময় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পক্ষে পুষ্পস্তবক অর্পণ করা হবে। এ লক্ষ্যে সকাল ৯.৩০ ঘটিকার সময় ভবনের সামনে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের উপসচিব ও তদুর্ধ পর্যায়ের কর্মকর্তা এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিচালক ও তদুর্ধ পর্যায়ের কর্মকর্তাগণকে উপস্থিত থাকতে হবে;

খ) স্বাস্থ্য অধিদপ্তরের বিধি-নিষেধ প্রতিপালন করে সামাজিক দুরত্ব মেনে এ অনুষ্ঠানে অংশগ্রহণ করতে হবে;

গ) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পক্ষে পুষ্পস্তবক অর্পণ করার পর অন্যান্য সংগঠনকে (অনধিক ২০ সদস্যের দল) পর্যায়ক্রমে পুষ্পস্তবক অর্পণ করতে হবে;

ঘ) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জন্য ফুলের তোড়া প্রস্তুত ব্যয় বাবদ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অর্থ উপকমিটির নিকট ১২,০০০/- (বার হাজার টাকা) চাইতে হবে;

ঙ) পরিসংখ্যান ভবনে স্থাপিত স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি/ ম্যুরাল এবং তার আশপাশের স্থান আগামী ১৪/০৮/২০২০ তারিখ অপরাহ্নের মধ্যে এফএ এন্ড এমআইএস উইং কর্তৃক পরিচ্ছন্নপূর্বক উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে অবহিত করতে হবে;

চ) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা/কর্মচারীগণকে সকাল ০৯.০০ ঘটিকার মধ্যে কর্মস্থলে উপস্থিত নিশ্চিত করতে পত্র প্রেরণ করতে হবে;

ছ) জনাব মো: গোলাম কিবরিয়া, ফটোগ্রাফার, আরডিপি, বিবিএস-কে অনুষ্ঠানের স্থির চিত্র ধারণের জন্য পত্র দিতে হবে ; এবং

জ) এ অনুষ্ঠানকে সফল করার লক্ষ্যে বিবিএস এর বিভিন্ন সংগঠনের ০৭ (সাত) সদস্য (কর্মকর্তা/কর্মচারি) সর্বজনাব আবদুল করিম, গোলাম মোস্তফা, মো: শওকত হোসেন, মো. ফারুক হোসেন, আমির হোসেন, শফিকুল ইসলাম এবং কমল চন্দ্র সরকার এর নাম এ উপকমিটিতে অন্তর্ভুক্ত করতে হবে।

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষিরত/
তারিখ- ০৩/০৮/২০২০

ঘোষ সুবব্রত
উপমহাপরিচালক, বিবিএস
এবং
সভাপতি
জাতীয় শোকদিবস-২০২০ পালন অনুষ্ঠান উপ-কমিটি।

১৯ শ্রাবণ ১৪২৭

নং- ৫২.০০.০০০০.০১৯.০১৬.০৫০.২০২০- ২৪৯ তারিখ: ০৩ আগস্ট ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১। অতিরিক্ত সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
৩। যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৪। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৫। পরিচালক (সকল), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
৬। সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৭। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৯। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। প্রোগ্রামার, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। উপমহাপরিচালক, মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
১২। অফিস কপি/গার্ড নথি।

০৩/০৮/২০২০

কালাচাঁদ সরকার
সিনিয়র সহকারী সচিব
ও
সদস্য সচিব
জাতীয় শোকদিবস-২০২০ পালন অনুষ্ঠান উপ-কমিটি
ফোন: ৫৫০০৭৩৮৪